

প্রাথমিক বৃত্তি পরীক্ষা মহাস্থান

ট্যালুকদার বৃত্তি
প্রত্যাশীদের জন্য

বাংলা

পঞ্চম শ্রেণি। পরীক্ষা ২০২৬

একনজরে বিষয়বস্তু

- প্রশ্নকাঠামোসহ বিস্তারিত মানবন্টন (প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৬) ২
- প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নকাঠামো সম্পর্কে ধারণা ৩
- প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তর ২০২৫ ৫-৬
- বৃত্তি পরীক্ষার প্রশ্নের ধরনভিত্তিক অনুশীলন ৭-১৩০
[সুপার সাজেশন ও নিজেকে যাচাইসহ]



নিজেকে যাচাই করি

প্রশ্নের ধরন-১: কবি ও কবিতার নামসহ কবিতার প্রথম ৮ লাইন লিখন	পৃষ্ঠা ৮
প্রশ্নের ধরন-২: শব্দার্থ লিখন	পৃষ্ঠা ১৩
প্রশ্নের ধরন-৩: বাক্য গঠন	পৃষ্ঠা ১৬
প্রশ্নের ধরন-৪: শূন্যস্থান পূরণকরণ	পৃষ্ঠা ২১
প্রশ্নের ধরন-৫: বহুনির্বাচনি প্রশ্নের উত্তর লিখন	পৃষ্ঠা ৪২
প্রশ্নের ধরন-৬: বিপরীত শব্দ লিখন	পৃষ্ঠা ৪৭
অথবা, প্রশ্নের ধরন-৬: সমার্থক শব্দ লিখন	পৃষ্ঠা ৫০
প্রশ্নের ধরন-৭: সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন	পৃষ্ঠা ৬০
প্রশ্নের ধরন-৮: বিস্তৃত-উত্তর প্রশ্ন	পৃষ্ঠা ৭৩
প্রশ্নের ধরন-৯: কবিতা/ গদ্য অনুচ্ছেদের মূলভাব লিখন	পৃষ্ঠা ৭৮
প্রশ্নের ধরন-১০: ভাষারীতি পরিবর্তন	পৃষ্ঠা ৮১
অথবা, প্রশ্নের ধরন-১০: পদ নির্ণয়	পৃষ্ঠা ৮৫
অথবা, প্রশ্নের ধরন-১০: ক্রিয়ার কাল	পৃষ্ঠা ৮৯
প্রশ্নের ধরন-১১: অনুচ্ছেদ পড়ে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রশ্ন তৈরিকরণ	পৃষ্ঠা ৯৩
অথবা, প্রশ্নের ধরন-১১: প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন প্রয়োগ	পৃষ্ঠা ৯৭
প্রশ্নের ধরন-১২: যুক্তবর্ণ বিভাজন ও শব্দ গঠন	পৃষ্ঠা ৯৯
প্রশ্নের ধরন-১৩: এককথায় প্রকাশ	পৃষ্ঠা ১০৪
প্রশ্নের ধরন-১৪: ফরম পূরণকরণ	পৃষ্ঠা ১০৭
অথবা, প্রশ্নের ধরন-১৪: আবেদনপত্র লিখন	পৃষ্ঠা ১১১
প্রশ্নের ধরন-১৫: রচনা লিখন (সূত্রসহ/ উদ্ভূত)	পৃষ্ঠা ১৩০



এক্সক্লুসিভ মডেল টেস্ট

[বৃত্তি পরীক্ষার প্রশ্নকাঠামো ও নম্বর বন্টন অনুযায়ী] ১৩১-১৬০

প্রশ্নকাঠামোসহ বিস্তারিত মানবন্টন

প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৬

শ্রেণি: পঞ্চম

বাংলা

পূর্ণমান: ১০০; সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

ক্রমিক নং	প্রশ্নের ধরন	মানবন্টন
১	কবি ও কবিতার নামসহ কবিতার প্রথম ৮ লাইন লিখন	$১ + ১ + ৮ = ১০$
২	শব্দার্থ লিখন (৫টি)	$১ \times ৫ = ৫$
৩	বাক্য গঠন (৫টি)	$১ \times ৫ = ৫$
৪	শূন্যস্থান পূরণকরণ (৫টি)	$১ \times ৫ = ৫$
৫	বহুনির্বাচনি প্রশ্নের উত্তর লিখন (৫টি)	$১ \times ৫ = ৫$
৬	বিপরীত শব্দ/ সমার্থক শব্দ লিখন (৫টি)	$১ \times ৫ = ৫$
৭	সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (৪টি)	$২ \times ৪ = ৮$
৮	বিস্তৃত-উত্তর প্রশ্ন (৩টি)	$৫ \times ৩ = ১৫$
৯	কবিতা/ গদ্য অনুচ্ছেদের মূলভাব লিখন	$৫ \times ১ = ৫$
১০	ভাষারীতি পরিবর্তন/ পদ নির্ণয়/ ক্রিয়ার কাল (৫টি)	$১ \times ৫ = ৫$
১১	অনুচ্ছেদ (পাঠ্যবই/ সমমানের) পড়ে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রশ্ন তৈরিকরণ/ প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন প্রয়োগ (৫টি)	$১ \times ৫ = ৫$
১২	যুক্তবর্ণ বিভাজন ও শব্দ গঠন (৫টি)	$১ \times ৫ = ৫$
১৩	এককথায় প্রকাশ (৫টি)	$১ \times ৫ = ৫$
১৪	ফরম পূরণকরণ/ আবেদনপত্র লিখন	$৫ \times ১ = ৫$
১৫	রচনা লিখন (সূত্রসহ/উন্মুক্ত)	$১২ \times ১ = ১২$
মোট		$= ১০০$

বি.দ্র.: প্রশ্নপত্রে ডোমেইনভিত্তিক (জ্ঞানমূলক, অনুধাবনমূলক, প্রয়োগমূলক এবং উচ্চতর দক্ষতামূলক) প্রশ্ন থাকবে।

প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নকাঠামো সম্পর্কে ধারণা (২০২৫ সালের প্রশ্নপত্র অনুযায়ী)

প্রশ্নপত্রে পনেরোটি আইটেমের উপর প্রশ্ন থাকবে।

ধরন-১. কবি ও কবিতার নামসহ নির্ধারিত কবিতার প্রথম ৮ লাইন লিখন।

১+১+৮= ১০

বোর্ড বই থেকে যেকোনো ১টি নির্দিষ্ট কবিতার নাম উল্লেখ থাকবে। কবি ও কবিতার নামসহ প্রথম ৮ লাইন লিখতে হবে। কবির নাম শূন্য করে লেখার জন্য ১ নম্বর, কবিতার নাম শূন্য করে লেখার জন্য ১ নম্বর এবং কবিতার প্রথম ৮ লাইনের জন্য ৮ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-২. প্রদত্ত শব্দগুলোর অর্থ লিখন।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে নির্বাচিত ৫টি শব্দ দেওয়া থাকবে। সবগুলো শব্দের সঠিক অর্থ লিখতে হবে। প্রতিটি শব্দের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-৩. প্রদত্ত শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে নির্বাচিত ৫টি শব্দ দেওয়া থাকবে। সবগুলো দিয়ে অর্থবোধক বাক্য রচনা করতে হবে। প্রতিটি বাক্যের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

উত্তরের নমুনা: ঝলমল — সূর্যের আলোয় চারদিক ঝলমল করে ওঠে।

ধরন-৪. প্রদত্ত বাক্যগুলোর শূন্যস্থান পূরণ।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে নির্বাচিত ৫টি বাক্য দেওয়া থাকবে। সবগুলো বাক্যে উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান করতে হবে। প্রতিটির বাক্যের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: (ক) দৈত্যের মাথাটা একটা বিশাল ——— মতো।

উত্তরের নমুনা: (ক) দৈত্যের মাথাটা একটা বিশাল ঝুড়ির মতো।

ধরন-৫. সঠিক উত্তরটি খাতায় লিখন (বহুনির্বাচনি)।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে ৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে। সবগুলোর উত্তর লিখতে হবে। প্রশ্নগুলো সরাসরি বইয়ের তথ্যভিত্তিক অথবা যোগ্যতাভিত্তিক হয়ে থাকে। এগুলো সাধারণত প্রশ্নবোধক অথবা কখনো কখনো অপূর্ণ বাক্যেও হতে পারে। প্রতিটি প্রশ্নে ৪টি অপশন থাকবে। সঠিক উত্তরটি বেছে নিয়ে উত্তরপত্রে লিখতে হবে। প্রতিটি উত্তরের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা:

১. হাতির কবুপ পরিণতির জন্য দায়ী কোনটি?

- (ক) হাতির অহংকার (খ) হাতির লম্বা শাঁড়
(গ) হাতির ভারী শরীর (ঘ) হাতির বোকামি

২. ছাত্রনেতা আসাদ শহিদ হন ———।

- (ক) ১৯৪৭ সালে (খ) ১৯৫২ সালে
(গ) ১৯৬৯ সালে (ঘ) ১৯৭১ সালে

উত্তরের নমুনা: ১. (ক) হাতির অহংকার; ২. (গ) ১৯৬৯ সালে

ধরন-৬. প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লিখন।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে নির্বাচিত ৫টি শব্দ দেওয়া থাকবে। সবগুলো শব্দের বিপরীত শব্দ লিখতে হবে। প্রতিটির শব্দের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-৭. প্রদত্ত প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লিখন।

২×৪ = ৮

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে ৪টি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন দেওয়া থাকবে। সবগুলোর উত্তর লিখতে হবে। প্রশ্নগুলো সাধারণত অনুধাবনমূলক বা চিন্তনদক্ষতামূলক হয়ে থাকে। প্রতিটির উত্তরের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: (ক) কুমড়া দোয়েল পাখিকে উপকারী বন্ধু বলেছে কেন?

(খ) মায়ের হারানো নোলক খুঁজতে গিয়ে কবি প্রকৃতিকে কীভাবে খুঁজে পেয়েছেন?

ধরন-৮. প্রদত্ত প্রশ্নগুলোর বিস্তৃত-উত্তর লিখন।

৫×৩ = ১৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে ৩টি প্রশ্ন দেওয়া থাকবে। সবগুলোর প্রশ্নের বিস্তৃত বা বর্ণনামূলক উত্তর লিখতে হবে। প্রশ্নগুলো সাধারণত যোগ্যতাভিত্তিক বা চিন্তনদক্ষতামূলক হয়ে থাকে। প্রতিটির উত্তরের জন্য ৫ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: (ক) সুন্দরবনের বিলুপ্তপ্রায় প্রাণীগুলো রক্ষায় কী কী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে তুমি মনে করো?

(খ) 'সব মিলে এক ছবি'— কথাটি দ্বারা তুমি কী বুঝেছ তা 'স্বদেশ' কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো।

ধরন-৯. প্রদত্ত কবিতাংশের মূলভাব লিখন।

৫

বোর্ড বই থেকে যেকোনো ১টি কবিতার অংশ দেওয়া থাকবে। কবিতাংশের মূলভাব লিখতে হবে। উত্তরের জন্য ৫ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-১০. প্রদত্ত অনুচ্ছেদ থেকে শব্দগুলোর পদ নির্ণয়।

১×৫ = ৫

বোর্ড বইয়ের যেকোনো গদ্য থেকে ১টি অনুচ্ছেদ দেওয়া থাকবে। পদ নির্ণয়ের জন্য অনুচ্ছেদ থেকে ৫টি শব্দ উল্লেখ করা থাকবে। সবগুলোর উত্তর লিখতে হবে। প্রতিটির জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-১১. প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন বসানো।

১×৫ = ৫

বোর্ড বইয়ের যেকোনো গদ্য থেকে বিরামচিহ্নবিহীন ১টি অনুচ্ছেদ দেওয়া থাকবে। অনুচ্ছেদের যথাস্থানে নির্দিষ্ট বিরামচিহ্ন (৫টি) বসাতে হবে। প্রতিটির উত্তরের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-১২. প্রদত্ত যুক্তবর্ণগুলো ভেঙে দেখানো এবং একটি করে শব্দ তৈরি।

১×৫ = ৫

বোর্ড বইয়ের বিভিন্ন অধ্যায় থেকে নির্বাচিত ৫টি যুক্তবর্ণ দেওয়া থাকবে। প্রতিটি যুক্তবর্ণ বিভাজন করে প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ গঠন করতে হবে। প্রতিটির জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

ধরন-১৩. প্রদত্ত বাক্যগুলোকে এককথায় প্রকাশ।

১×৫ = ৫

প্রশ্নে সংকোচনযোগ্য ৫টি বাক্য দেওয়া থাকবে। প্রতিটি বাক্য এককথায় প্রকাশ করতে হবে। এককথায় প্রকাশ সাধারণত বোর্ড বইয়ের 'অর্থ জেনে নিই' অংশ থেকে অথবা মূলপাঠ থেকে নির্বাচিত হয়ে থাকে। প্রতিটির উত্তরের জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: (ক) মেধা আছে এমন যে জন।

উত্তরের নমুনা: (ক) মেধা আছে এমন যে জন — মেধাবী।

ধরন-১৪. আবেদনপত্র লিখন।

৫

প্রশ্নপত্রে প্রেক্ষাপট উল্লেখ করে নির্দিষ্ট কর্তৃপক্ষের নিকট আর্জি অনুসারে ১টি আবেদনপত্র লিখতে বলা হবে। প্রশ্নটি 'আনসিন' অর্থাৎ বোর্ড বই বহির্ভূত হয়ে থাকে। সঠিক কাঠামো অনুসারে এটির উত্তর লিখতে হবে। উত্তরের জন্য ৫ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: বইমেলায় যাওয়ার জন্য সাময়িক ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখো।

ধরন-১৫. প্রদত্ত শিরোনাম অনুসারে রচনা লিখন।

১২

প্রশ্নপত্রে কোনো বিকল্প ছাড়াই ১টি রচনার শিরোনাম উল্লেখ থাকবে। সেটির উত্তর লিখতে হবে। প্রশ্নটি 'আনসিন' হয়ে থাকে তবে বোর্ড বইয়ের বিষয়বস্তুর আলোকে হতে পারে। সঠিক কাঠামো অনুসারে এটির উত্তর লিখতে হবে। উত্তরের জন্য ১২ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের নমুনা: 'বাংলাদেশের উৎসব' বিষয়ে একটি রচনা লেখো।

বিশেষ স্টাফ: উপরিউক্ত বিশ্লেষণটি সর্বশেষ অনুষ্ঠিত ২০২৫ সালের প্রশ্নপত্রের ওপর করা হয়েছে। এটি ভূবনু ২০২৬ সালের জন্য প্রযোজ্য নাও হতে পারে। সাধারণত বিদ্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রাথমিক পরীক্ষার প্রশ্নপত্র উপরিউক্ত প্রশ্নকাঠামোর অনুরূপ হলেও সেখানে কিছু বৈচিত্র্য লক্ষ করা যায়। যেমন: বিপরীত শব্দের পরিবর্তে সমার্থক শব্দ; পদ নির্ণয়ের পরিবর্তে ভাষারীতি পরিবর্তন অথবা ক্রিয়ার কাল নির্ণয়; বিরামচিহ্নের পরিবর্তে অনুচ্ছেদ থেকে প্রশ্ন তৈরিকরণ; আবেদনপত্রের পরিবর্তে ফরম পূরণ ইত্যাদি। সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৬-এর অনুমোদিত প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (NAPE)-এর প্রজ্ঞাপনের মাধ্যমে জানা যাবে।

প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তর ২০২৫



এখানে সর্বশেষ অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা দেওয়া হয়েছে। বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র সম্পর্কে ধারণা পেতে এখানে প্রদত্ত প্রশ্নকাঠামো ও নম্বরবন্টন এবং উত্তরের নমুনা একনজরে দেখে ন্য।

প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫

বাংলা

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য: জান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

- কবি ও কবিতার নামসহ 'শিক্ষাগুরুর মর্যাদা' কবিতার প্রথম আট লাইন লেখো। $1+1+8 = 10$
- নিচের শব্দগুলোর অর্থ লেখো: $1 \times 5 = 5$
টহল, ড্রিবলিং, নকশা, অবরুদ্ধ, কড়ি।
- নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: $1 \times 5 = 5$
খলমল, কিরণ, বৈষম্য, ক্রীতদাস, লোভ।
- শূন্যস্থান পূরণ করো: $1 \times 5 = 5$
(ক) দৈত্যের মাথাটা একটা বিশাল ——— মতো।
(খ) ——— পতনের মূল।
(গ) প্রতিদিন ভোরে ——— ডাক শুন।
(ঘ) মহানবি (স) বিদায় হজ পালন করেন ——— হিজরিতে।
(ঙ) কাশ্মিরমালা মেয়েটিকে হাতের সোনার ——— দিয়ে কিনে নিলেন।
- সঠিক উত্তরটি খাতায় লেখো: $1 \times 5 = 5$
 - কোন পাখি ক্ষতিকর আকর্ষণা খেয়ে পরিবেশ পরিষ্কার রাখে?
(ক) ঈগল (খ) শকুন
(গ) চিল (ঘ) বক
 - হাতির কদুশ পরিণতির জন্য দায়ী কোনটি?
(ক) হাতির অহংকার (খ) হাতির লম্বা শৃঙ্খ
(গ) হাতির ভারী শরীর (ঘ) হাতির বোকামি
 - জোরে মাইক বাজালে কোন ধরনের দূষণ হয়?
(ক) মাটি দূষণ (খ) পানি দূষণ
(গ) বায়ু দূষণ (ঘ) শব্দ দূষণ
 - হাত্নেনোতা আসাদ শহিদ হন ———।
(ক) ১৯৪৭ সালে (খ) ১৯৫২ সালে
(গ) ১৯৬৯ সালে (ঘ) ১৯৭১ সালে
 - ক্রেসকোগ্রাফ যন্ত্রের সাথে নিচের কোনটি সম্পর্কিত?
(ক) 'নাইট উপাধি লাভ (খ) ডিএসসি ডিগ্রি অর্জন
(গ) উদ্ভিদের জীবন আছে (ঘ) বৈজ্ঞানিক কল্পকাহিনি
- নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখো: $1 \times 5 = 5$
স্বাধীন, আসো, উপকারী, স্বাদ, কুৎসিত
- সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো: $2 \times 8 = 8$
(ক) কুমড়া দোয়েল পাখিকে উপকারী বস্তু বলেছে কেন?
(খ) মায়ের হারানো নোলক খুঁজতে গিয়ে কবি প্রকৃতিকে কীভাবে খুঁজে পেয়েছেন?
(গ) কবি বস্তু ঘরে থাকতে চান না কেন?
(ঘ) 'জগদীশচন্দ্র বসু বাংলাদেশের গৌরব।' — কেন?

- নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো: $5 \times 3 = 15$
(ক) 'দুই তীরে' কবিতার আলোকে দুই তীরের প্রকৃতির বর্ণনা দাও।
(খ) সুন্দরবনের বিলুপ্তপ্রায় প্রাণীগুলো রক্ষায় কী কী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন বলে তুমি মনে করো?
(গ) 'সব মিলে এক ছবি' — কথাটি দ্বারা তুমি কী বুঝেছ তা 'স্বদেশ' কবিতা অবলম্বনে ব্যাখ্যা করো।
- নিচের কবিতাংশটুকুর মূলভাব লেখো: 5
বিশ্বজোড়া পাঠশালা মোর,
সবার আমি ছাত্র,
নানান ভাবে নতুন জিনিস
শিখছি দিবারাত্র।
- অনুচ্ছেদটি পড়ে নিচের শব্দগুলোর কোনটি কোন পদ তা লেখো: $1 \times 5 = 5$
বাংলাদেশের জনজীবন ভারি বৈচিত্র্যময়। এই দেশকে তাই ঘুরে ঘুরে দেখা দরকার। এজন্য দরকার দেশের নানা প্রান্তে আত্মীয়-রজন ও বন্ধুদের বাড়ি বেড়াতে যাওয়া। সবাইকে সবার ভালোবাসা উচিত।
জনজীবন—
বৈচিত্র্যময়—
তাই—
বেড়াতে যাওয়া—
সবার—
- নিচের অনুচ্ছেদটি খাতায় লিখে যথাস্থানে বিরামচিহ্ন বসানো: $1 \times 5 = 5$
তুমিও যেমন জিজ্ঞেস করবার আর লোক পাওনি ও হতভাগা জানেই বা কী আর আর বলবেই বা কী ওর যে দাদা আছে খালিশপুরে চাকরি করে
- যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং তা দিয়ে একটি করে শব্দ তৈরি করো: $1 \times 5 = 5$
জ, ফ, ঝ, ড, ঝ
- নিচের বাক্যগুলোকে এককথায় প্রকাশ করো: $1 \times 5 = 5$
(ক) মেধা আছে এমন যে জন।
(খ) আকাশে যে উড়ে বেড়ায়।
(গ) বিদেশে থাকে যে।
(ঘ) যে বেশি কথা বলে।
(ঙ) যে উপকারীর অপকার করে।
- বইমেলায় যাওয়ার জন্য সাময়িক ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখো। 5
- 'বাংলাদেশের উৎসব' বিষয়ে একটি রচনা লেখো। 12

উত্তরমালা

- ১। শিক্ষাগুরুর মর্যাদা
কাজী কাদের নেওয়াজ
বাদশাহ আলমগীর—
কুমারে তাঁহার পড়াইত এক মৌলভী দিল্লির।
একদা প্রভাতে গিয়া
দেখেন বাদশাহ— শাহজাদা এক পাত্র হস্তে নিয়া
ঢালিতেছে বারি গুরুর চরণে
পুলকিত হৃদে আনত-নয়নে,
শিক্ষক শুধু নিজ হাত দিয়া নিজেরি পায়ের ধূলি
ধুয়ে-মুছে সব করিছেন সাফ সজ্জারি অজুলি।
- ২। টহল — পাহারা দেওয়া।
ক্রিবলিং — ফুটবল খেলার একটা কৌশল।
নকশা — রেখা দিয়ে আঁকা ছবি।
অবরুদ্ধ — বন্দি বা শত্রু দিয়ে বেষ্টিত।
কড়ি — একধরনের ছোট্ট সাদা ঝিনুক।
- ৩। ঝলমল — সূর্যের আলোয় চারদিক ঝলমল করে ওঠে।
কিরণ — সূর্য থেকে আমরা কিরণ পাই।
বৈষম্য — মানুষে মানুষে মধ্যে বৈষম্য করা উচিত নয়।
ক্লীতদাস — ক্লীতদাসের সাথে সবাব ভালো ব্যবহার করা উচিত।
লোভ — লোভী কাঠুরিয়া হয় হয় করতে লাগল।
- ৪। (ক) দৈত্যের মাথাটা একটা বিশাল বুড়ির মতো মতো।
(খ) অহংকার পতনের মূল।
(গ) প্রতিদিন জোরে মোরগের ডাক শুন।
(ঘ) মহানবি (স) বিদায় হল পালন করেন দশম হিজরিতে।
(ঙ) কাঞ্চনমালা মেয়েটিকে হাতের সোনার কাঁকল দিয়ে কিনে নিলেন।
- ৫। ১. (ক) শকুন, ২. (ক) হাতির অহংকার, ৩. (ঘ) শব্দ দূষণ, ৪. (দ) ১৯৬৯ সালে, ৫. (গ) উদ্ভিদের জীবন আছে
- ৬। স্বাধীন — পরাধীন, আলো — অন্ধকার, উপকারী — অপকারী,
স্বাদ — বিষাদ, কুণ্ঠিত — সুন্দর
- ৭। (ক) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।
(খ) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

(গ) 'সংকল্প' কবিতায় কবি বন্ধ ঘর থেকে বের হয়ে জগৎটাকে ঘুরে দেখতে চান। তিনি দেখতে চান কেমন করে মানুষ যুগ থেকে যুগান্তরে পাড়ি দিচ্ছে, দেশ থেকে দেশান্তরে ছুটেছে। জানতে চান কীসের নেশায় বীরেরা মৃত্যুকে বরণ করছে, ডুবুরি মৃত্যু সংগ্রহ করছে। এভাবে অজানাকে জানার জন্যই কবি বন্ধ ঘরে থাকতে চান না।

(ঘ) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

৮। (ক) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

(খ) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

(গ) প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

৯। প্রশ্নটি বর্তমান বোর্ড বই বহির্ভূত।

১০। জনজীবন— বিশেষ্য, বৈচিত্র্যময়— বিশেষণ, তাই— অব্যয়, বেড়াতে যাওয়া— ক্রিয়া, সবার— সর্বনাম

১১। তুমিও যেমন! জিজ্ঞেস করবার আর লোক পাওনি? ও হতভাগা জানেই বা কী আর আর বলেই বা কী? ওর যে দাদা আছে, খালিশপুরে চাকরি করে।

১২।

যুক্তবর্ণ	যুক্তবর্ণ বিভাজন	শব্দ গঠন
জ্ঞ	জ্ + ঞ	জ্ঞানী
ক্ষ	ক্ + ষ	ক্ষত
ফ	ফ্ + ণ	সহিষ্ণু
ভ	ব্ + ড	ঠান্ডা
স্ব	স্ + ব	স্বাধীন

১৩। (ক) মেধা আছে এমন যে জন — মেধাবী।

(খ) আকাশে যে উড়ে বেড়ায় — খেচর।

(গ) বিদেশে থাকে যে — প্রবাসী।

(ঘ) যে বেশি কথা বলে — বাচাল।

(ঙ) যে উপকারীর অপকার করে — কৃত্য।

১৪। প্রশ্নের ধরন ১৪, আবেদনপত্র লিখন ১ নং ট্রস্টব্য।

১৫। প্রশ্নের ধরন ১৫, রচনা লিখন ১২৯ নং ট্রস্টব্য।